# 8901 - যে সব সাধারণ স্থানগুলোতে পাপকাজ সংঘটিত হয় সেখানে যাওয়ার বিধান কী?

## প্রশ্ন

আমার জন্যে কি নামায নষ্ট না করে ও নারী-পুরুষের অবাধ মিশ্রণ পরিহার করে স্বামী ও বাচ্চাদের সাথে পার্ক, জাদুঘর ও মেলো ইত্যাদি সাধারণ বিনোদনের স্থানগুলোতে বেড়াতে যাওয়া জায়েয হবে? উল্লেখ্য, এ স্থানগুলোতে মুখ খোলা রাখতেই হয়। আমাদের শিশুদেরকে সাতার কাটার জন্য সী-বীচে নিয়ে যাওয়া কি জায়েয হবে— এ স্থানগুলোতে নগ্নতা ও বেহায়াপনা সত্ত্বেও। যারা বলেন: ‘আল্লাহ তার বান্দাদের জন্য যা উপভোগ করা হালাল করেছেন আমরা তা হারাম করছি’ তাদের এ বক্তব্যের কি প্রত্যুত্তর দিতে পারি? এ স্থানগুলোতে ব্যাপক বেহায়াপনার কারণে সেখানে গেলে চক্ষু অবনত রাখা কারো পক্ষে সম্ভবপর হয় না।

## প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যেসব স্থানে এ ধরণের পাপকাজ সংঘটিত হয় সে সব স্থানে যাওয়া নাজায়েয। আল্লাহ তাআলা আমাদের জন্য যা কিছু ভোগ করা হালাল করেছেন সে সবই আমাদের জন্য যথেষ্ট।